

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, ভোলা

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
[www.bhola.gov.bd](http://www.bhola.gov.bd)

### পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছে। উক্ত সময়সূচি অনুযায়ী ভোট গ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

০২। পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গ পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন;

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ:


(খ) কোন ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোট কেন্দ্রে নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

(গ) বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

০৩। পোস্টাল ব্যালটে ভোট দানের জন্য আবেদন: ভোটদানের জন্য উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজাপন ঘোষণার দিন হতে ১৫ (পনেরো) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

০৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে নৃন্যতম বিলব্রের মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, ভোলা জেলার ৪টি সংসদীয় আসনের [১১৫ ভোলা-১(ভোলা সদর), ১১৬ ভোলা-২ (দৌলতখান-বোরহানউদ্দিন), ১১৭ ভোলা-৩ (লালমোহন-তজুমদ্দিন), ১১৮ ভোলা-৪ (মনপুরা-চরফ্যাশন)] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে পারবেন।

  
(আরিফুজ্জামান) ০৬/১১/২০২৬

জেলা প্রশাসক, ভোলা

ও

রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
ফোন: ০২৪৭৮৮৯৪৪০০  
ই-মেইল: [decbhola@mopa.gov.bd](mailto:decbhola@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.১০.০৯০০.০০৫.৮০.০০১.২৩। ২২৭৪

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩০  
২৮ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ০৪। পুলিশ সুপার, ভোলা
- ০৫। জেলা নির্বাচন অফিসার, ভোলা
- ০৬। উপজেলা নির্বাচনী অফিসার, ভোলা সদর, ভোলা (তাঁদেরকে গণ-বিজিষ্টি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)
- ০৭। জেলা তথ্য অফিসার, ভোলা (তাঁকে গণ-বিজিষ্টি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ)
- ০৮। উপজেলা নির্বাচন অফিসার, ভোলা সদর, ভোলা (তাঁদেরকে গণ-বিজিষ্টি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)
- ০৯। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, ভোলা
- ১০। নোটিশ বোর্ড ..... কার্যালয়, ভোলা
- ১১। অফিস নথি

ব্রহ্মপুর  
জেলা প্রশাসক, ভোলা ২৬/১১/২০২৩  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন